উপজেলা পরিষদ
চিতলমারী, বাগেরহাট।

<u>উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী ঃ</u>

| | |
|---|---|
| সভার নাম | ঃ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির সভা। |
| সভার তারিখ | ঃ ১২-১০-২০২১ ইং। |
| সভার সময় | ঃ সকাল ১১-০০ ঘটিকা। |
| সভার বার | ঃ মঙ্গলবার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার মাস | ঃ অক্টোবর/২০২১ ইং। |
| সভাপতি | ঃ জনাব এস.এম মাহাতাবুজ্জামান। |

সভায় উপস্থিত ব্যক্তিবর্গের নাম নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব শিকদার মোঃ মতিয়ার রহমান | চেয়ারম্যান, কলাতলা ইউনিয়ন পরিষদ ও সদস্য এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |
| ২ | জনাব মাসুদ সরদার | চেয়ারম্যান, বড়বাড়িয়া ইউনিয়ন পরিষদ ও সদস্য এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |
| ৩ | জনাব মোঃ শেখ নিজাম উদ্দিন শেখ | চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদ ও সদস্য এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |
| ৪ | জনাব অহিদুজ্জামান মোল্লা (কাকা মিয়া) | চেয়ারম্যান, শিবপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |
| ৫ | জনাবা বিউটি আক্তার | চেয়ারম্যান, সন্তোষপুর ইউনিয়ন পরিষদ ও সদস্য এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |
| ৬ | জনাব মোঃ জাকারিয়া ইসলাম | উপজেলা প্রকৌশলী, ও আহবায়ক, এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট। | |

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২১ ইং অর্থ বছরে বাগেরহাট জেলার চিতলমারী উপজেলায় বার্ষিক উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প সমুহ বাস্তবায়নের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। ২০১৯-২০ ইং অর্থ বছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় প্রায় ২৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এর দরপত্র আহবানের কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে " চাহিদা ভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (NBIDGPS-1) " চিতলমারী উপজেলাধীন ১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে এবং ১৫ টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে। " চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) (NBIDNNGPS-1) " চিতলমারী উপজেলাধীন ১১টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে এবং " চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (PEDP-4) " এর আওতায় বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন ১০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ চলমান আছে। তাছাড়া ১টি রিসোর্স সেন্টার মেরামত কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে।

২০২১-২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর প্রাপ্ত থোক বরাদ্দ ও রাজস্ব খাতের আওতায় উন্নয়নমূলক প্রকল্প সমুহ গ্রহণ করার আলোচনা হয়েছে।

২০২০-২১ ইং অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন (জাইকা) প্রকল্পের আওতায় ২টি প্রকল্পের সরবরাহ কাজ চলমান আছে।

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ " শীর্ষক প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

সমগ্র দেশে শহর ও ইউনিয় ভূমি অফিস নির্মাণ প্রকল্প (TULO)এর আওতায় বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন কলাতলা ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ চলমান আছে।

" গ্রামীণ সড়ক " মেরামত ও সংরক্ষণ (GOBM) প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার চিতলমারী উপজেলাধীন ৬টি সড়ক মেরামত কাজ দরপত্র প্রক্রিয়াধীন আছে।

তাছাড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গণ তাঁদের নিজ নিজ এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের প্রস্তাব করেন। যা উপজেলা প্রকৌশলী, এলজিইডি, চিতলমারী, বাগেরহাট পর্যায়ক্রমে আইডিভূক্ত সড়ক সমুহ উন্নয়নের অংগিকার করেন।

**প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা ঃ**

অবকাঠামো নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট শ্রমিকদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা একান্ত প্রয়োজন। এ প্রেক্ষিতে তিনি জানান, জাইকার অর্থায়নে পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে (১) রাজমিস্ত্রিদের অবকাঠামো নির্মাণ বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণটির ব্যবস্থা করা হলে অবকাঠামো নির্মাণ কাজের মান বৃদ্ধি পাবে।

এছাড়া ভূমি সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য (২) ই-মিউটেশন, অনলাইনে ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ ও (৩) নিরাপদ খাবার ও সেবা নিশ্চিত করার জন্য হোটেল/রেস্তোরা মালিক ও শ্রমিকদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ উক্ত প্রশিক্ষণ তিনটির ববস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় আহবায়ক উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম মাহাতাবুজ্জামান)
সভাপতি
উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি ও
ভাইস চেয়ারম্যান
চিতলমারী উপজেলা পরিষদ, বাগেরহাট।
তারিখ ঃ

স্মারক নং- ৪৬.০২.০১১৪.০০০.

অনুলিপি ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিতলমারী, বাগেরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী, বাগেরহাট।
৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাট।
৪। জনাবা স্বপ্না কামাল, মহিলা ভাইস চেয়ারম্যান, চিতলমারী উপজেলা পরিষদ, ও সদস্যা উপজেলা স্ট্যান্ডিং কমিটি, চিতলমারী, বাগেরহাট।
৪। চেয়ারম্যান, চিতলমারী সদর/চরবানিয়ারী/ সন্তোষপুর/হিজলা/বড়বাড়িয়া/কলাতলা/শিবপুর ইউনিয়ন পরিষদ, চিতলমারী, বাগেরহাট ও সদস্য, এলজিআরডি এর উপজেলা স্থায়ী কমিটি, চিতলমারী, বাগেরহাট।
৬। অফিস নথি।

(মোঃ জাকারিয়া ইসলাম)
আহবায়ক
উপজেলা পরিষদ স্ট্যান্ডিং কমিটি ও
উপজেলা প্রকৌশলী
এলজিইডি
চিতলমারী, বাগেরহাট।